

Translation

১। মাহবুব আমার প্রিয় বন্ধু। তার আর্থিক অবস্থা ভাল নয়। সে গরীব কিন্তু সৎ। সে খুবই পরিশ্রমী ও বিনয়ী। সে একজন ভালো ডাক্তার হতে চায়। Mahbub is my favourite friend. His financial condition is not good. He is poor but honest. He is very industrious and polite. He wants to be a good doctor.

২। পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি। পরিশ্রম ছাড়া কেউ জীবনে উন্নতি করতে পারে না। পরিশ্রম সাফল্যের চাবিকাঠি। একজন অলস ব্যক্তি জীবনে উন্নতি করতে পারে না। সবাইকে পরিশ্রম করতে হবে। Industry is the mother of good luck. None can prosper in life without hard work. Industry is the key to success. A lazy person can not prosper in life. Everybody has to work hard.

৩। শিক্ষা জাতির মেরুদণ্ড। শিক্ষা ছাড়া কোন জাতি উন্নতি করতে পারে না। ছাত্র-ছাত্রীদের শিক্ষার গুরুত্ব বুঝতে হবে। শিক্ষা ই শক্তি। আমাদেরকে শিক্ষিত হতে হবে। Education is the backbone of a nation. No nation can prosper without education. Students have to understand the importance of education. Education is power. We have to be educated.

৪। ঢাকা বাংলাদেশের রাজধানী। এটি একটি পুরাতন শহর। যানজট এই শহরের নিয়মিত সমস্যা। প্রায় দুই কোটি লোক এখানে বাস করে। এই শহরের অনেক সমস্যা আছে। Dhaka is the capital of Bangladesh. It is an old city. Traffic jam is a common problem in this city. About 2 crore people live here. There are many problems in this city.

৫। সততা একটি মহৎ গুণ। সবাই সৎ ব্যক্তিকে সম্মান করে। এমনকি একজন অসৎ ব্যক্তি ও সৎ ব্যক্তিকে সম্মান করে। সবাই কে সৎ হতে হবে। সততা একটি উৎকৃষ্ট গুণ। Honesty is a noble virtue. All respect an honest person. Even a dishonest person respects an honest person. All have to be honest. Honesty is the best policy.

৬। ইংরেজি একটি আন্তর্জাতিক ভাষা। এটি একটি জনপ্রিয় ভাষা। প্রায় ২০০ কোটি লোক ইংরেজিতে কথা বলে। সবাইকে ইংরেজিতে কথা বলা শিখতে হবে। ইংরেজি না জানলে কেউ ভালো চাকরি পাবে না। English is an international language. It is a popular language. About 200 crore people speak English. All have to learn how to speak English. Nobody will get a good job without knowing English.

৭। আমাদের দেশের অধিকাংশ লোক নিরক্ষর। তারা পড়তেও জানে না, লিখতেও জানে না। লেখাপড়া না জানলে কেউ জীবনে উন্নতি করতে পারে না। শিক্ষিত ব্যক্তি দেশের সম্পদ। ইহা জাতির উন্নতির শর্ত। Most of the people of our country are illiterate. They do not know how to read and write. None can prosper in life without reading. An educated person is an asset of a country. It is a condition of the progress of a country.

৮। সময় অতি মূল্যবান। এটি কারো জন্য অপেক্ষা করে না। আমাদের সময় নষ্ট করা উচিত না। আমাদের সময়ের ব্যাপারে সচেতন হতে হবে। একজন ভাল ছাত্র সময় নষ্ট করে না। Time is very valuable. It does not wait for anybody. We should not waste time. We have to be conscious about time. A good student does not waste time.

৯। যে দেশকে ভালবাসে সে দেশপ্রেমিক। একজন দেশপ্রেমিক নিজের জীবনের চেয়ে দেশকে বেশি ভালোবাসে। একজন দেশপ্রেমিক দেশের মঙ্গলের জন্য জীবন দিতেও প্রস্তুত। তাকে সবাই স্মরণ করে। মৃত্যুর পরেও সে বেচে থাকে। The person who loves his country is a patriot. A patriot loves his country more than his life. A patriot is ready to die for the welfare of his country. All remember him. He is alive after his death.

১০। মানুষ চিরদিন বাচে না। একদিন মৃত্যু আসবেই। কেউ মৃত্যু থেকে পালিয়ে যেতে পারে না। সবাই কে মরতে হবে। ভাল মানুষকে সবাই মৃত্যুর পরেও স্মরণ করে। Man cannot live long. Death will come one day. None can escape from death. All have to die. All remember a good person after his death.

১১। মানুষ নিজের ভাগ্যের স্রষ্টা। পরিশ্রম ছাড়া জীবনে কেউ উন্নতি করতে পারে না। পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি। আমাদের সবাইকে পরিশ্রমী হতে হবে। ভালো চাকরি পাবার জন্য আমাদের পরিশ্রম করতে হবে। Man is the architect of his fate. None can prosper in life without industry. Industry is the mother of good luck. We all have to be industrious. We have to work to get a good job.

১২। দেশপ্রেম একটি মহৎগুণ। যারা দেশকে ভালবাসে না, তারা বিশ্বাসঘাতক। তাদেরকে পরিহার করতে হবে। একজন দেশপ্রেমিক তার দেশের জন্য সম্পদ। একজন দেশপ্রেমিক সবসময় দেশের জন্য জীবন দিতে প্রস্তুত। Patriotism is a noble virtue.

Those who do not love their country are traitors. We have to avoid them. A patriot is an asset for his country. A patriot is always ready to die for his country.

১৩ । দুর্নীতি একটি সামাজিক ব্যাধি । ইহা একটি অভিশাপ । এটি একটি মরণঘাতি ভাইরাস । ইহা জাতির উন্নতির ক্ষেত্রে বড় বাধা । আমাদের সবাইকে দুর্নীতিকে ঘৃণা করতে হবে । Corruption is a social disease. It is a curse. It is a deadly virus. It is a big obstacle to the development of a country. We all have to hate corruption.

১৪ । বাংলাদেশ একটি স্বাধীন দেশ । এই দেশটি ১৯৭১ সালে স্বাধীনতা লাভ করে । বর্তমানে দেশটির জনসংখ্যা প্রায় ১৬ কোটি । ৮০ ভাগ লোক কৃষির উপর নির্ভরশীল । তাই কৃষির উন্নয়ন খুবই গুরুত্বপূর্ণ । Bangladesh is an independent country. This country gained freedom in 1971. At present, the population of this country is about 16 crore. 80% people are dependent on agriculture. So, agricultural development is very important.

১৫ । গাছ আমাদের বন্ধু । ইহা আমাদের নানাভাবে সাহায্য করে । ইহা আমাদের ছায়া, খাদ্য, ও অক্সিজেন প্রদান করে । গাছ আমাদের পরিবেশকে সুন্দর করে । গাছকে যত্ন নেয়া আমাদের উচিত । Tree is our friend. It helps us in many ways. It gives us shade, food and oxygen. Tree makes our environment nice. We should take care of trees.